# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 18 July, 2025

দক্ষিণী সিনেমা ইন্ডাস্ট্রির জনপ্রিয় অভিনেতা বিজয় দেবারকোন্ডা দীর্ঘদিন ধরে ছিলেন বড়পর্দার বাইরে। তবে চলতি মাসের শেষ দিকে ‘কিংডম’ সিনেমার মাধ্যমে আবারও ফিরছেন দর্শকদের সামনে।সিনেমাটিতে বিজয়ের পাশাপাশি অভিনয় করেছেন ভাগ্যশ্রী ও সত্যদেব।

মুক্তির আগে পুরোদমে প্রচার চালাচ্ছেন বিজয়। কিন্তু এর মধ্যেই হঠাৎ দুঃসংবাদ– অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হতে হয়েছে তাকে।

গণমাধ্যম সূত্রে জানা গেছে, ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন এ দক্ষিণী সুপারস্টার।

অভিনেতার পাশে রয়েছেন তার পরিবারের সদস্যরা। সিনেমার টিমের পক্ষ থেকেও নিয়মিত খোঁজখবর নেওয়া হচ্ছে। চিকিৎসকরা জানিয়েছেন, কয়েক দিনের মধ্যেই সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পাবেন বিজয়।

‘কিংডম’-এ শরণার্থী সংকটের গল্প

গৌতম তিন্নানুরি পরিচালিত অ্যাকশনধর্মী ‘কিংডম’-এর পটভূমি গড়ে উঠেছে স্বাধীনতা-পরবর্তী শ্রীলঙ্কার সিংহলি-তামিল জাতিগত সংঘাত ও শরণার্থী সংকটকে কেন্দ্র করে।সিনেমাটির গল্পে বাস্তব রাজনৈতিক টানাপড়েন এবং মানবিক বিপর্যয় উঠে এসেছে।

প্রথমে সিনেমাটি মুক্তি পাওয়ার কথা ছিল গত ৩০ মে। তবে একাধিক কারণে তা পিছিয়ে ৪ জুলাই এবং পরে আরও এক দফা পেছিয়ে ৩১ জুলাই নির্ধারণ করা হয়।

মুক্তি বিলম্বের অন্যতম কারণ ছিল ভারত-পাকিস্তান সীমান্তে বেড়ে যাওয়া সাম্প্রতিক উত্তেজনা। বিশেষ করে গত ২২ এপ্রিল জম্মু ও কাশ্মীরের পেহেলগামে জঙ্গি হামলার পর নির্মাতারা নতুন করে মুক্তির কৌশল নিয়ে ভাবতে বাধ্য হন।

তবে এসব প্রতিবন্ধকতা সত্ত্বেও ‘কিংডম’ ঘিরে দর্শকমহলে কৌতূহল ও আগ্রহে কোনো ভাটা পড়েনি।

বিজয় দেবারকোন্ডা দক্ষিণী সিনেমা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:30

URL: https://timestodaybd.com/public/entertainment/6162344954